

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়  
সিএ-২ শাখা  
[www.mocat.gov.bd](http://www.mocat.gov.bd)

নং-বিপম/সিএ-২/ট্রাএ/এন-১৫/২০১৫- ২৪০


তারিখ: ০২/০৫/২০১৭ খ্রি:

অফিস আদেশ

আপনি বেগম আইরিন আক্তার-এর মালিকানাধীন মেসার্স 'ডিনোভো ট্রাভেল এজেন্সি, ৮৯/১, বশির উদ্দিন রোড, কলাবাগান, ঢাকা' ট্রাভেল এজেন্সিটির বিরুদ্ধে অনীত অভিযোগের পরিপ্রেক্ষিতে সত্যতা নিশ্চিতকরণ করে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক গত ০২.০৭.২০১৫ তারিখে উক্ত ট্রাভেলস এজেন্সি'র রেজিস্ট্রেশন বাতিল করা হয়। পরবর্তীতে জানা যায় যে, আপনি বর্ণিত তথ্য গোপন করে আপনার মালিকানায় নিউ ধানমন্ডি এয়ার ট্রাভেলস, ৩৩/১, ৩৩/বি, বীর উত্তম কে এম শফিউল্লাহ রোড গ্রীণমার্ট মার্কেট, ঢাকায় নিবন্ধন প্রাপ্ত হয়ে আরেকটি নতুন ট্রাভেল এজেন্সির অফিস পরিচালনা করছেন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩ এর ৯(১) ক, খ ও গ উপবিধি অনুযায়ী তথ্য গোপন করে নিবন্ধন গ্রহণ করায় আপনার মালিকানাধীন 'মেসার্স নিউ ধানমন্ডি এয়ার ট্রাভেলস' ৩৩/১, ৩৩/বি, বীর উত্তম কে এম শফিউল্লাহ সড়ক, গ্রীণমার্ট মার্কেট, ঢাকা এর নিবন্ধন সনদ নং ০০০৬৬০৫, তারিখ: ১৮/০২/২০১৬ এতদ্বারা নির্দেশক্রমে বাতিল করা হ'ল।

০৩। বর্ণিত অবস্থায় আগামী ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে এ মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের মূলকপি ফেরত প্রদানের জন্য অনুরোধ করা হ'ল। অন্যথায় বিধি মোতাবেক আপনার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
(মোঃ আব্দুর রশিদ)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯১৯৩

বেগম আইরিন আক্তার  
স্বত্বাধিকারী  
মেসার্স নিউ ধানমন্ডি এয়ার ট্রাভেলস  
৩৩/১, ৩৩/বি, বীর উত্তম কে এম শফিউল্লাহ সড়ক  
গ্রীণমার্ট মার্কেট, ঢাকা।

স্থায়ী ঠিকানাঃ

বেগম আইরিন আক্তার, স্বামী- হাবিবুল ইসলাম, মাতা-আনোয়ারা বেগম  
১৪ (এফ/৮), গ্রীণ স্কায়ার, গ্রীণ রোড, ধানমন্ডি, ঢাকা।


চলমান পাতা-২

নং-বিপম/সিএ-২/ট্রাএ/এন-১৫/২০১৫-১৪০/১(১১)

তারিখ: ০২/০৫/২০১৭ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ০২। সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), রাজার বাগ, ঢাকা।
- ০৫। ড.নমিতা হালদার, এনডিসি, মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২ (অতিরিক্ত সচিব)  
প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। পুলিশ কমিশনার, ঢাকা মহানগর, ঢাকা।
- ০৭। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। জেলা প্রশাসক, ঢাকা (বাতিলকৃত রেজিস্ট্রেশন সার্টিফিকেট দ্বারা যাতে অবৈধভাবে ট্রাভেল এজেন্সীর  
ব্যবসা পরিচালনা করতে না পারে সে বিষয়ে আইনানুগ কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।
- ০৯। সিনিয়র সহকারী সচিব (পর্যটন-১ শাখা), এ মন্ত্রণালয়।
- ১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, এ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইডে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ধানমন্ডি থানা, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ১২। -----এয়ারলাইন্স, ঢাকা।
- ১৩। মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব) সান্তারা সেন্টার (১৬  
তলা), ৩০/এ, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।

  
(মোঃ আব্দুর রশিদ)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৯১৯৩